বঁধু, মিছে রাগ কোরো না, কোরো না।
মম মন বুঝে দেখো মনে মনে – মনে রেখো, কোরো করুণা॥
পাছে আপনারে রাখিতে না পারি
তাই কাছে কাছে থাকি আপনারি –
মুখে হেসে যাই, মনে কেঁদে চাই – সে আমার নহে ছলনা॥
দিনেকের দেখা, তিলেকের সুখ,
ক্ষণেকের তরে শুধু হাসিমুখ –
পলকের পরে থাকে বুক ভ'রে চিরজনমের বেদনা ।
তারি মাঝে কেন এত সাধাসাধি,
অবুঝ আঁধারে কেন মরি কাঁদি –
দূর হতে এসে ফিরে যাই শেষে বহিয়া বিফল বাসনা ॥

---

Parjaay: Prem O Prakriti, Taal: Ektaal (3-3), Raag: Mishra Jhinjhat
Visit www.geetabitan.com for notation and other detail